দৈনিক খবর

তারিখ ... 16 NOV 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩

২০

**পাসের হার ২৭.৩৯ ভাগ ।। ২য় বিভাগে বেশী**

# রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

।। স্টাফ রিপোর্টার ।।

রাজশাহী শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফলাফল গতকাল বৃহস্পতিবার প্রকাশিত হয়েছে। এতে মানবিক, বিজ্ঞান ও বাণিজ্য শাখা মিলে গড় পাসের হার শতকরা ২৭ দশমিক ৩৯ ভাগ। এর মধ্যে বেশীর ভাগ ছাত্র-ছাত্রীই দ্বিতীয় বিভাগ পেয়েছেন।

গত জুলাই আগস্টে অনুষ্ঠিত এ পরীক্ষায় মোট ৬৬ হাজার ৭শ' ৭৪ জন ছাত্র-ছাত্রী অংশ নেন। এর মধ্যে পাস করেছেন সর্বমোট ১৮ হাজার ২শ' ৯৫ জন। এর মধ্যে ১ হাজার ৬শ' ৪৬ জন প্রথম বিভাগ, ৯ হাজার ৫শ' ৬ জন দ্বিতীয় বিভাগ এবং ৭ হাজার ১শ' ৪৩ জন তৃতীয় বিভাগ পেয়েছেন। এছাড়া একটি বিষয়ে অকৃতকার্য হয়ে কম্পার্টমেন্টাল পেয়েছেন বহুসংখ্যক ছাত্র-ছাত্রী।

গড় পাসের হার শতকরা ২৭ দশমিক ৩৯ ভাগ হলেও পৃথকভাবে মানবিক শাখায় পাসের হার ২২ দশমিক ৬৮ ভাগ, বিজ্ঞান শাখায় পাসের হার ৩৭ দশমিক ৬১ ভাগ এবং বাণিজ্য শাখায় ২৩ দশমিক ৭৮ ভাগ। পরীক্ষায় মানবিক শাখায় ৩৩ হাজার ৬শ' ৬২ জন পরীক্ষার্থী পরীক্ষা দেন। এর মধ্যে ৭ হাজার ৬শ' ৩৫ জন পাস করেছেন। এরও মধ্যে প্রথম বিভাগ পেয়েছেন ২শ' ২৪ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছেন ৩ হাজার ২শ' ২৪ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছেন ৩ হাজার ২শ' ৯ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছেন ৪ হাজার ২শ' ২ জন।

৭-এর পাতায় দেখুন

## রাজশাহী বোর্ডের

প্রথম পৃষ্ঠার পর

বিজ্ঞান শাখায় পরীক্ষা দেন ২০ হাজার ১শ' ৩৫ জন। পাস করেছেন ৭ হাজার ৫শ' ৭৩ জন। এর মধ্যে ১ হাজার ৩শ' ৫৫ জন প্রথম বিভাগ, ৪ হাজার ৫শ' ৪৭ জন দ্বিতীয় বিভাগ ও ১ হাজার ৬শ' ৭১ জন তৃতীয় বিভাগ পেয়েছেন।

বাণিজ্য শাখায় পরীক্ষা দেন ১২ হাজার ৯শ' ৭৭ জন। এর মধ্যে ৬৭ জন প্রথম বিভাগ, ১ হাজার ৭শ' ৫০ জন দ্বিতীয় বিভাগ এবং ১ হাজার ২শ' ৭০ জন তৃতীয় বিভাগ পেয়েছেন।

এ পরীক্ষায় অংশগ্রহণকারী ৬৬ হাজার ৭শ' ৭৪ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৫১ হাজার ৩শ' ৪৭ জন ছাত্র ও ১৫ হাজার ৪শ' ২৭ জন ছাত্রী। ছাত্রদের গড় পাসের হার ২৭ দশমিক ৫৬ এবং ছাত্রীদের গড় পাসের হার ২৬ দশমিক ৮৪।

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ডের এ পরীক্ষায় (ছাত্র ও ছাত্রী একত্র) বিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছেন রংপুর কারমাইকেল কলেজের আ ন ম এহতেশাম রফিক। তিনি ৪টি বিষয়ে (প র গ জ) লেটারসহ ৯শ' ৪০ নম্বর পেয়েছেন। মানবিক শাখায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুলের রাশেদ মাহমুদ। তিনিও ৪টি বিষয়ে (যু ইশি ম পরি) লেটারসহ ৮শ' ১৪ নম্বর পেয়েছেন। এছাড়া রাজশাহী কলেজের এ কে এম তারেক ৭১২ নম্বর পেয়ে বাণিজ্য শাখায় প্রথম হয়েছেন। তিনি পেয়েছেন একটি বিষয়ে (পরি) লেটার।